# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 05.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে সোশ্যাল মিডিয়ায় কোনোরকম প্ররোচনামূলক মন্তব্য বা পোস্ট করা থেকে বিরত থাকতে মুখ্যমন্ত্রী সকলের প্রতি আবেদন জানিয়েছেন।

সেদেশের সঙ্গে সংযুক্ত বাংলার বিভিন্ন জেলার আন্তর্জাতিক সীমান্তে জারি করা হয়েছে উচ্চ সতর্কতা।

২) রাজ্য মন্ত্রিসভা ইঞ্জিনিয়ার, শিক্ষক, চিকিৎসক সহ ১৫৪ টি শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নিয়েছে।

৩) বঙ্গভঙ্গ বিরোধী প্রস্তাব রাজ্য বিধানসভায় সর্বসম্মতভাবে গৃহীত।

৪) পশ্চিমবঙ্গে অন্যান্য অনগ্রসর শ্রেণীর ৭৭টি উপগোষ্ঠীর সংরক্ষণ বাতিল করে কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে মামলায় সুপ্রিম কোর্ট আজ নোটিশ জারি করেছে।

৫) নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৫-০ গোলে ইস্টার্ন রেলকে হারিয়ে দিয়েছে।

---

গণঅভ্যুত্থানে উত্তপ্ত বাংলাদেশের পরিস্থিতি নিয়ে সোশ্যাল মিডিয়ায় কোনোরকম প্ররোচনামূলক মন্তব্য বা পোস্ট করা থেকে বিরত থাকতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী

সকলের প্রতি আবেদন জানিয়েছেন। আজ বিকেলে বিধানসভা ভবনের বাইরে সাংবাদিকদের তিনি বলেন, বাংলাদেশ ভারতের প্রতিবেশী রাষ্ট্র। সেখানে কিছু ঘটলে পশ্চিমবঙ্গেও তার প্রভাব পড়ে। কিন্তু একটি পৃথক রাষ্ট্রের ব্যাপারে যা কিছু বলার তা ভারত সরকার বলবে। কেন্দ্র যেভাবে বলবে রাজ্য সেভাবেই চলবে। মুখ্যমন্ত্রী বলেন, কারোরই এমন কোনো কথা বলা উচিত নয় যাতে উত্তেজনা তৈরি হয়।

(বাইট- মমতা)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশ থেকে আসা শরনার্থীদের আশ্রয় দেওয়ার আবেদন জানিয়েছেন। বিধানসভার বাইরে আজ শ্রী অধিকারী সাংবাদিকদের বলেন, এবিষয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা করার জন্য রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর কাছেও আবেদন জানানো হয়েছে। তিনি বলেন, বাংলাদেশের পরিস্থিতিতে প্রায় এক কোটি শরণার্থী এরাজ্যে আসতে পারেন। ধর্মীয় উৎপীড়নের কারণে কেউ শরণার্থী হয়ে এলে তাকে আশ্রয় দিতে হবে বলে সংশোধিত নাগরিকত্ব আইনে উল্লেখ রয়েছে।

বাংলাদেশের চলমান ঐতিহাসিক ছাত্র ভারত বিরোধী যে স্লোগান এসেছে তা এদেশের জনগণের বিরুদ্ধে নয়, ভারতের পুঁজিপতি বা কর্পোরেট হাউসের বিরুদ্ধে বলে SUCI ( communist) এর সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ মন্তব্য করেছেন।

উল্লেখ্য, বৈষম্য বিরোধী আন্দোলনে উত্তাল বাংলাদেশে গণ আন্দোলনের চাপে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করেন। ইস্তফাপত্রে স্বাক্ষর করে সামরিক হেলিকপ্টারে ছোট বোন শেখ রেহানাকে সঙ্গে নিয়ে হাসিনা বিকেলের দিকে গাজিয়াবাদের হিন্দোন বায়ু সেনা ঘাঁটিতে এসে পৌঁছন বলে সংবাদ সংস্থা আই এ এন এস সূত্রে জানা গেছে। সেনাপ্রধান জেনারেল ওয়াকর-উজ-জামান জাতির উদ্দেশে ভাষণে জানান, দেশে

অন্তর্বর্তী সরকার গঠন করা হবে। বিচার হবে সব হত্যার। শান্তি শৃঙ্খলা রক্ষাই এখন তাঁদের প্রধান কর্তব্য।

এদিকে, শেখ হাসিনা পদত্যাগের পরই বিক্ষোভকারীরা গনভবনে ঢুকে পড়ে। নির্বিচারে চলে লুটপাট। বিভিন্ন এলাকায় সরকার বিরোধী স্লোগান শুনতে পাওয়া যায়।

অন্যদিকে, প্রতিবেশী দেশে উত্তেজনার প্রেক্ষিতে এরাজ্যে ভারত বাংলা সীমান্তে উচ্চ সতর্কতা জারী করা হয়েছে।

উত্তর ২৪ পরগনার ঘোজাডাঙ্গা ভারত বাংলাদেশে সীমান্তের প্রধান গেট বন্ধ করে দেওয়া হয়েছে। বিভিন্ন জায়গায় চলছে বিএসএফের করা তল্লাশি। পেট্রাপোল-বেনাপোল সীমান্তে বাড়ানো হয়েছে বিএস এফ বাহিনী।

কোচবিহারের চ্যাংড়াবান্ধ, মালদহের মহদিপুর, নদীয়ার গেদে আন্তর্জাতিক সীমান্তেও কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। বন্ধ রয়েছে বানিজ্যিক লেনদেন।

দক্ষিণ দিনাজপুর জেলার হিলি সীমান্তে আজ জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল ও ডিএসপি হেড কোয়ার্টার বিক্রম প্রসাদ পরিস্থিতি পর্যালোচনা করেন।

মুর্শিদাবাদের উন্মুক্ত সীমান্ততে কড়া নজরদারি চলছে। পদ্মা সহ অন্যান্য নদী সীমাতেও বিএসএফের টহলদারি চলছে। সমস্ত সীমা চৌকিতেই জারি করা হয়েছে উচ্চ সতর্কতা।

শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ির বাংলাবান্ধা সীমান্তে বাংলাদেশের দিকে শুরু হয়েছে জনরোষ। সীমান্তের ওপারে টায়ারে আগুন লাগিয়ে বিক্ষোভ দেখাচ্ছে আন্দোলনকারীরা। পরিস্থিতি বুঝে অতিরিক্ত বিএসএফ জওয়ান মোতায়েন করা হয়েছে সীমান্তে। পাশাপাশি ভারতীয় সেনাকেও প্রস্তুত রাখা হয়েছে।

------------------------

ইঞ্জিনিয়ার, শিক্ষক, চিকিৎসক–সহ ১৫৪টি শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রিসভা। বিধানসভায় আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে মন্ত্রিসভার বৈঠক এই সিদ্ধান্ত হয়। পুর ও নগরোন্নয়ন দপ্তরের পক্ষ থেকে ইঞ্জিনিয়ারদের ১২৫টি শূন্যপদ পূরণের প্রস্তাব দেওয়া হয়েছিল। সেই প্রস্তাব আজ অনুমোদিত হয়।

পাশাপাশি বাঁকুড়া, বীরভূম ও মুর্শিদাবাদ জেলার তিনটি হাই মাদ্রাসাকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নিত করা হয়েছে। শিক্ষক ও অশিক্ষক কর্মী মিলিয়ে ১৫জনকে ঐ মাদ্রাসায় নেওয়া হবে।

ঝাড়গ্রামের সাঁকরাইল ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি আরও উন্নত করে তোলা হয়েছে। এজন্য চিকিৎসক–সহ ১৪ জনকে সেখানে নেওয়া হবে।

------------------------

রাজ্য বিধানসভায় আজ বঙ্গভঙ্গ বিরোধী প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। প্রস্তাবের পক্ষে ভোট দেয় বিজেপিও।

রাজ্যকে অখণ্ড রাখতে এবং উন্নয়ন অব্যাহত রাখতে বিধানসভায় আজ সরকার ও বিরোধী উভয় পক্ষই যৌথ প্রস্তাব গ্রহণ করেছে। বিধানসভায় বঙ্গ ভঙ্গ বিরোধী প্রস্তাবে বিরোধী দলের আনা সংশোধনী যুক্ত করে বিরোধীরাও ওই প্রস্তাবকে সমর্থন করেন। সাম্প্রতিক ইতিহাসে এই প্রথম শাসক বিরোধী যৌথ কোনো প্রস্তাব বিধানসভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হল।

প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, রাজ্য সরকার বিভাজনে বিশ্বাসী নয়। তিনি অখন্ড পশ্চিমবঙ্গের উন্নয়ন চান। বিরোধীদের উন্নয়নের নিরিখে উত্তরবঙ্গের জেলাগুলিকে বঞ্চনার অভিযোগের জবাবে মুখ্যমন্ত্রী

বিধানসভায় জানান, তাঁর সরকার উত্তরবঙ্গের জন্য ১ লক্ষ ৬৭ হাজার কোটি টাকা খরচ করেছে।

গ্রেটার কোচবিহার আন্দোলনের নেতা অনন্ত মহারাজের সঙ্গে তার সাক্ষাৎ প্রসঙ্গে বিরোধীদের কটাক্ষের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, কারো আমন্ত্রণ গ্রহণ করে সৌজন্য রক্ষায় কোনো দোষ নেই। এ প্রসঙ্গে তিনি পশ্চিমাঞ্চলের মাওবাদীদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনতে রাজ্য সরকারের উদ্যোগের কথা উল্লেখ করেন।

প্রস্তাবের বিপক্ষে বক্তব্য রাখতে গিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, এই প্রস্তাব আদতে একটি রাজনৈতিক দলের প্রচার পত্র। এই রাজ্য থেকে নির্বাচিত সাংসদ, মন্ত্রী কখনও কেউ রাজ্য বিভাজনের কথা বলেননি বলে তাঁর দাবি। পাল্টা তিনি এক সংশোধনী দিয়ে অখন্ড পশ্চিমবঙ্গের উন্নয়নের স্বপক্ষে প্রস্তাব আনার জন্য আবেদন জানান। এরপরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিরোধী দলনেতার প্রস্তাব গ্রহণ করে প্রয়োজনীয় সংশোধনী গ্রহণ করতে অধ্যক্ষের কাছে আবেদন জানান। এরপরে ওই প্রস্তাবের স্বপক্ষে ভোটাভুটিতে সর্ব সম্মতিক্রমে তা ধ্বনী ভোটে গৃহীত হয়।

-----------------------

মহিলা বনাধিকারিকের সঙ্গে দুর্ব্যবহার এবং কুকথার জেরে দলীয় নেতৃত্বের নির্দেশে কারামন্ত্রী পদে ইস্তফা দিয়েছেন পূর্ব মেদিনীপুরের রামনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক অখিল গিরি। মুখ্য সচিবের মাধ্যমে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে পদত্যাগ পত্র জমা দিয়েছেন বলে, আজ সাংবাদিকদের জানিয়েছেন শ্রী গিরি।

গত শনিবার, তাজপুরে কাঁথি রেঞ্জের ফরেস্ট অফিসার মনীষা সাউকে অখিল গিরির শাসানি এবং কটু মন্তব্যের ভিডিও ভাইরাল হলে, সমালোচনার ঝড় ওঠে। সমুদ্রসৈকত এলাকায় বন দফতরের জায়গা থেকে উচ্ছেদ হওয়া হকারদের সমর্থনে ওই

এলাকায় গিয়েছিলেন কারা মন্ত্রী। কর্তব্যরত সরকারি আধিকারিকের সঙ্গে দুর্ব্যবহারের কড়া সমালোচনা করে তাঁকে বনাধিকারিকের কাছে ক্ষমা চাওয়ার এবং পদত্যাগের নির্দেশ দেয় তৃণমূল কংগ্রেস।

যদিও, অখিল গিরির ইস্তফাতে সন্তুষ্ট নন বিরোধীরা। তাঁকে গ্রেপ্তারের দাবী জানিয়েছেন তারা।

------------------------

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় সংবাদ পাঠক তথা অনুবাদক, এডিটার, রিপোর্টার এবং প্রযোজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

------------------------

পশ্চিমবঙ্গে অন্যান্য অনগ্রসর শ্রেণীর ৭৭টি উপগোষ্ঠীর সংরক্ষণ বাতিল করে কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে মামলায় সুপ্রিম কোর্ট আজ নোটিশ জারি করেছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চ, রাজ্যকে হলফনামা দাখিল করতে বলেছেন। এই হলফনামায় ৭৭ টি গোষ্ঠীকে ওবিসি তালিকাভুক্ত করার প্রক্রিয়া ব্যাখ্যা করতে হবে। এজন্য কোনো পরামর্শ করা হয়েছিল কিনা এবং কি ধরনের সমীক্ষার ওপর ভিত্তি করে ওবিসিদের মধ্যে এই শ্রেণীগুলিকে

তালিকাভুক্ত করা হয়, তাও জানতে চেয়েছে শীর্ষ আদালত। রাজ্যের তরফে প্রবীণ আইনজীবী ইন্দিরা জয় সিং, এই শ্রেণী বিভাজন রাজ্যের তরফে করা হয়েছিল, না অনগ্রসর শ্রেণী কমিশনের তরফে, সেই প্রশ্ন তোলেন।

পাল্টা সওয়ালে বরিষ্ঠ আইনজীবী মুকুল রোহতগি বলেন, মামলাটি নিয়ে আদালতের এগোনো উচিত নয়, কারণ কোনোভাবেই এটি সমর্থনযোগ্য নয়।

উল্লেখ্য গত ২২ শে মে কলকাতা হাইকোর্ট, ২০১০-এর পর থেকে রাজ্যে জারি হওয়ার সমস্ত ওবিসি সার্টিফিকেট বাতিল করে দেয়। এর বিরুদ্ধে হাইকোর্টে আবেদন জানায় রাজ্য।

-----------------------

SUCI ( communist) এর প্রতিষ্ঠাতা শিবদাস ঘোষের ৪৮ তম প্রয়াণ বার্ষিকী উপলক্ষে কলকাতার রাণী রাসমণি এভিনিউতে আজ দলের পক্ষ থেকে এক সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ কেন্দ্রে বিজেপি এবং রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার উভয়েরই সমালোচনা করেন। তিনি বলেন, ভোট পরবর্তী মূল্যবৃদ্ধি ও সঙ্কট আবারও প্রমাণ করল যে, নির্বাচনের মাধ্যমে সরকারের পরিবর্তন ঘটিয়ে সাধারণ মানুষের সমস্যার সমাধান করা যায়না।

-----------------------

অদ্ভুত কিছু যুক্তি দেখিয়ে বাংলার প্রতিনিধিস্থানীয় নাট্যদলগুলির রেপার্টরি অনুদানের পুনর্নবীকরণ কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রক বন্ধ করেছে বলে সংশ্লিষ্ট ওই নাট্য দল গুলি দাবি করেছে। কলকাতা প্রেস ক্লাবে আজ ওই নাট্য দল গুলির পক্ষে এক

সাংবাদিক বৈঠকে নাট্যকার দেবেশ চট্টোপাধ্যায় এই দাবি করেন। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক বাংলা নাট্যদলের প্রতি বঞ্চনা করেছে বলেও তাঁর অভিযোগ।

-----------------------

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৫-০ গোলে ইস্টার্ন রেলকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের সালাউদ্দিন আদনাক হ্যাট্রিক করেছেন, রাজ বাসফোর ও মহম্মদ ফরিদ আলি মোল্লা একটি করে গোল করেছেন।

কল্যাণী স্টেডিয়ামে অন্য ম্যাচে কালীঘাট স্পোর্টস লাভার্স এসোসিয়েশন ৫-০ গোলে টালিগঞ্জ অগ্রগামীকে পরাজিত করেছে। উলুবেড়িয়া স্টেডিয়ামে ক্যালকাটা কাস্টমস ক্লাব ৫-১ গোলে রেলওয়ে এফ সি কে হারিয়ে দিয়েছে।

ব্যারাকপুর স্টেডিয়ামে রেনবো এসি ও ক্যালকাটা পুলিশ ক্লাবের মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। বিধাননগরে জর্জ টেলিগ্রাফ পুলিশ এথলেটিক ক্লাবের বিরুদ্ধে ১-০ গোলে জয়ী হয়েছে।

-----------------------  -----------------------